

কোভিড-19 পরিস্থিতিতে দোল / হোলি বিষয়ে সতর্কবার্তা

- জনসাধারণের জন্য -

কোভিড 19-এর অতিমারী এখনও সক্রিয়। ভাইরাসের গঠনগত পরিবর্তনের ফলে যে কোনও সময় সংক্রমণ দ্রুত বৃদ্ধি পেতে পারে। ইতিমধ্যেই দেশের বিভিন্ন রাজ্যে কোভিড -19 প্রবল আকারে দেখা দিয়েছে।

তাই সাবধানতা অত্যন্ত জরুরী - সর্বদা, সকলের জন্য। দোল / হোলি উদযাপনেও রাশ টানা একান্ত জরুরী।

- উৎসব উপলক্ষে কোনও জমায়েত বা শোভাযাত্রা আয়োজন না করাই সমীচীন হবে। দোল এই বছরে পরিবারের মধ্যেই সীমাবদ্ধ থাক।
- শারীরিকভাবে কাছে গিয়ে বা ধরে রং / আবির্ মাখাবেন না।
- ভিড় এড়িয়ে চলার চেষ্টা করুন।
- দোকান, বাজার বা রেস্তোরাঁয় শারীরিক দূরত্ব-বিধি বজায় রাখুন।
- বৃদ্ধ, ছোট শিশু, গর্ভবতী মহিলা এবং অসুস্থ ব্যক্তিদের যে কোনও রকম ভিড় থেকে দূরে রাখুন।
- মাস্ক না পরে বাইরে বার হবেন না।
- বারে বারে সাবান-জল বা স্যানিটাইজার দিয়ে হাত শোধন করুন।
- দোল / হোলি উপলক্ষে ধর্মীয় স্থানে ভক্ত সমাগম হতে পারে।
 - সেখানে প্রবেশ নিয়ন্ত্রণ এবং কোভিড সতর্কতা নিশ্চিত করার জন্য স্বেচ্ছাসেবীর ব্যবস্থা করা প্রয়োজন।
 - বিভিন্ন স্থানে যথেষ্ট সংখ্যায় হাত ধোওয়ার বেসিন এবং হাত স্যানিটাইজ করার আয়োজন রাখতে হবে।
 - মূল পূজাস্থলের বাইরে অপেক্ষমান ভক্তদের জন্য যথেষ্ট বড় জায়গা থাকা দরকার। সেটি খোলা জায়গা হওয়া বাঞ্ছনীয়।
 - মূল মন্দির বা পূজাস্থলের ভিতরে কোনও ভক্ত যেন দীর্ঘ সময় না থাকেন। এবং ঐ স্থানে যেন হাওয়া চলাচলের পর্যাপ্ত ব্যবস্থা থাকে।
- ধর্মীয় বা সাংস্কৃতিক অনুষ্ঠান সীমিত আকারে করে অন-লাইনে সম্প্রচার করা যেতে পারে।